



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ৩১/০১/২০২১

স্মার্টফোন কেনার জন্য ঋণ পেলেন পাবিপ্রবি'র ২৩০ শিক্ষার্থী

(৩১/০১/২০২১): স্মার্টফোন কেনার জন্য শিক্ষা ঋণ দেওয়া হলো পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) ২৩০ জন অস্বচ্ছল শিক্ষার্থীকে। অনলাইন ক্লাসে শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) অর্থায়নে 'সফট লোন' নামে এই ঋণ দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কাছে গত নভেম্বর মাসে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে পাঠানো ৬৩৯ জন শিক্ষার্থীর আবেদন পুরোটাই গৃহীত হয়। এদের মধ্যে পরবর্তীতে ২৪৯ জন শিক্ষার্থী 'সফট লোন' গ্রহণের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করেন। চূড়ান্ত যাচাই-বাছাই শেষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২৩০ জন শিক্ষার্থীর 'সফট লোন' আবেদন মঞ্জুর করে।

'সফট লোন' প্রদানের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম রোস্তম আলী বলেন, করোনা মহামারীর এই সময়ে দেশের সকল খাতকে সক্রিয় রাখতে সরকার নানামুখী কার্যক্রম গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম সচল রাখতে অস্বচ্ছল শিক্ষার্থীদের বিনা সুদে 'সফট লোন' প্রদান করায় তিনি মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

'সফট লোন' কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোঃ হাবিবুল্লাহ্ জানান, স্মার্টফোন কেনার জন্য সফট লোন হিসেবে প্রত্যেক শিক্ষার্থীকে ৮,০০০/- (আট হাজার) টাকা প্রদান করা হয়েছে, যা শিক্ষার্থীরা তাদের নিজস্ব ব্যাংক হিসাব নম্বরে পেয়ে যাবেন। সুদবিহীন এই ঋণের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় খোলার পর কিংবা অধ্যয়নকালীন সময়ে ৪টি সমান কিস্তিতে বা এককালীন পরিশোধ করতে হবে।

বার্তা প্রেরক-

মোঃ ফারুক হোসেন চৌধুরী

উপ পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।